গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা-১২১৯
www.ansarvdp.gov.bd



র: ৪৪.০৩.০০০০.০০০.০১১.২৪.০০৪৯.২৫.২০৭৫

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

## অফিস আদেশ

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান সময়ে এডিস মশার বিস্তার ও এর মাধ্যমে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তর, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, মাঠ পর্যায়ের রেঞ্জ, আনসার ব্যাটালিয়ন, জেলা, জোন, ভিটিসি কার্যালয়সহ সকল ইউনিটসমূহে নিম্নবর্ণিত বিষয়সমূহ যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করতে হবে।

২। **ডেঙ্গু জ্বরের লক্ষণসমূহ নিম্নরূপ:**

ক জ্বর (শরীরে তাপমাত্রা হঠাৎ বৃদ্ধি পায়);

খ। মাথা ব্যথা, চোখের পিছনে ব্যথা, পেটে ব্যথা, মাংসপেশী ও হাড়ে ব্যথা (বিশেষতঃ মেরুদন্ডে ব্যথা) বমি-বমি ভাব;

গ শরীরে হামের মত দানা দেখা দেওয়া।

৩। **ডেঙ্গু জ্বর প্রতিরোধে করণীয় নিম্নরূপ:**

ক। ফুলের টব, বাগান, নালা, পানির ট্যাপের আশেপাশের এলাকা, পানির পাম্প, ফ্রিজ বা এসি'র পানি জমার স্থান, পানির বালতি, হাইকমোড, আইসক্রিম বক্স, প্লাস্টিক বক্স, ডাবের খোসা, নারিকেলের মালা, গাড়ির টায়ার ইত্যাদি) সে সব জায়গা চিহ্নিত করে ০১ (এক) দিন পরপর পরিষ্কার করতে হবে।

খ। অব্যবহৃত পানির পাত্র ধ্বংস অথবা উল্টো করে রাখতে হবে যাতে পানি না জমে।

গ। কোন জায়গায় জমা পানি থাকলে লার্ভিসাইড কীটনাশক স্প্রে করতে হবে অথবা জমা পানি নিষ্কাশন করতে হবে।

ঘ। সাধারণত এডিস মশা দিনের বেলাতে কামড়ায়, তবে প্রকৃতি পরিবর্তনের ফলে বর্তমানে রাতেও কামড়াচ্ছে। তাই দিনে অথবা রাতে ঘুমানোর সময় অবশ্যই মশারি ব্যবহার করতে হবে ও মশার কামড় থেকে সতর্ক থাকতে হবে। দিনে ঘুমানো যথাসম্ভব পরিহার করতে হবে।

ঙ। ডেঙ্গু প্রতিরোধে মশা নিধনের জন্য কয়েল, কীটনাশক স্প্রে, এ্যারোসল ব্যবহার করতে হবে এবং সিটি কর্পোরেশন/ পৌরসভার সাথে সম্মিলিতভাবে মশা নিধন কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

চ। অব্যবহৃত হাইকমোডে হারপিক ঢেলে ঢাকনা বন্ধ করে রাখতে হবে; অব্যবহৃত লো কমোডের প্যানে হারপিক ঢেলে বস্তা বা অন্য কিছু দিয়ে মুখ বন্ধ করে রাখতে হবে।

ছ। ডেঙ্গু জ্বরে আতঙ্কিত না হয়ে চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

জ। জ্বরের কোন লক্ষণ দেখা দিলে সাথে সাথে চিকিৎসকের শরণাপন্ন হতে হবে।

ঝ। এই সময়ে যেকোন ধরণের জ্বর ও ব্যাথা হলে ব্যাথানাশক ঔষধ পরিহার করতে হবে।

ঞ। জ্বরে আক্রান্ত হলে চিকিৎসকের পরামর্শ সাপেক্ষে ডেঙ্গু সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য পরীক্ষা-নিরীক্ষা করতে হবে।

ট। ডেঙ্গু জ্বর পজিটিভ হলে স্বাভাবিক খাবারের পাশাপাশি পর্যাপ্ত পানি ও তরল খাবার খেতে হবে।

ঠ। শরীরের অনাবৃত্ত অংশে মশা নিরোধক উপাদান (Repellent) ব্যবহার করতে হবে।

ড। সন্ধ্যার পর হতে ফুলহাতা জামা ও নামাজের সময় মোজা পরিধানে গুরুত্ব দিতে হবে।

ঢ। নিম্নলিখিত বিপদজনক লক্ষণ দেখা দিলে দ্রুত হাসপাতালে ভর্তি হতে হবে।

(১) শরীরে কোন জায়গায় রক্তক্ষরণ হলে;

(২) পর্যাপ্ত পানি খাওয়া সত্ত্বেও প্রসাবের পরিমাণ কমে গেলে;

(৩) প্রচন্ড পেট ব্যাথা, বমি, পাতলা পায়খানা হলে;

(৪) শ্বাসকষ্ট হলে।

৪। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৩-০৯-২০২৬
মো: আবু বকর সিদ্দিক , বিভিএমএস
বিএডি-১২০১৭৮
উপপরিচালক (প্রশাসন )
ফোন : ০১৩৩৫৩০০২৬১
ইমেইল : ddadmin@ansarvdp.gov.bd

নম্বর: ৪৪.০৩.০০০০.০০০.০১১.২৪.০০৪৯.২৫.২০৭৫/১(২২)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
২। কমান্ড্যান্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৩। উপমহাপরিচালক (প্রশাসন/অপারেশনস্/প্রশিক্ষণ), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৪। উপমহাপরিচালক/পরিচালক (রেঞ্জের দায়িত্বপ্রাপ্ত) (সকল), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,.........................................................।
৫। পরিচালক, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা রেঞ্জ, কুমিল্লা।
৬। পরিচালক, ঢাকা মহানগর আনসার (ডিএমএ)।
৭। পরিচালক (................................), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৮। পরিচালক (সকল)...................., বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
৯। অধিনায়ক (সকল)..........................আনসার ব্যাটালিয়ন (........ বিএন)..........................।
১০। অধিনায়ক, আনসার গার্ড ব্যাটালিয়ন (এজিবি), ভাটারা, ঢাকা।
১১। আইন কর্মকর্তা (অতিরিক্ত জেলা দায়রা জজ)/নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১২। উপপরিচালক (সমন্বয়), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
১৩। উপপরিচালক (..........................), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১৪। উপপরিচালক (সকল) .........................., বাংলাদেশ আনসার ও ভিডিপি একাডেমি, সফিপুর, গাজীপুর।
১৫। জেলা কমান্ড্যান্ট (সকল), জেলা কমান্ড্যান্টের কার্যালয়..............................................।।
১৬। জোন অধিনায়ক (সকল), মহানগর আনসার, ঢাকা ও চট্টগ্রাম.................।
১৭। অধিনায়ক, ভিটিসি, কলাকোপা, নবাবগঞ্জ, ঢাকা/ভিটিসি, গাজীপুর।
১৮। সহকারী পরিচালক (........................), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
১৯। অধিনায়ক, আনসার ফোর্স, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
২০। আইসিটি শাখা, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২১। বাজেট কর্মকর্তা (আনসার ও ভিডিপি), বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
২২। অফিস ও মাস্টার কপি, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।

০৩-০৯-২০২৬
মো: আবু বকর সিদ্দিক , বিভিএমএস
উপপরিচালক (প্রশাসন )